



মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্লাস করছে স্কুল মাঠে

—ইত্তেফাক

উলিপুরে স্কুল মাঠে পাঠদান

ছাদ ও বীমে বড় বড়
ফাটল, খসে পড়ছে
প্লাস্টার। যে কোন
মুহুর্তে ঘটতে পারে
প্রাণহানির ঘটনা
তাই ক্লাস চলছে
স্কুল মাঠে

জাহাঙ্গীর আলম সরদার, উলিপুর (কুড়িগ্রাম) সংবাদদাতা
ছাদ ও বীমে বড় বড় ফাটল, খসে পড়ছে প্লাস্টার। যে কোন মুহুর্তে ঘটতে পারে প্রাণহানির ঘটনা। শিক্ষক-শিক্ষার্থী কেউই রুমে ক্লাস করতে সাহস পাচ্ছেন না। বিদ্যালয় ভবনের এ ভীতিকর পরিস্থিতিতে কবে গেছে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি।
কুড়িগ্রামের উলিপুর উপজেলার উমানন্দ মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি ৬ বছর ধরে এ অবস্থায় চলছে। ২ শতাব্দিক কোমলমতি শিক্ষার্থীকে আকাশের নীচে পাঠদান দেয়া হচ্ছে। বিদ্যালয়টি ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর ২০১৩ সালে জাতীয়করণ করা হয়। এলজিইডির অর্থায়নে গত ১৯৯৪ সালে বিদ্যালয়ের এই ভবনটি নির্মিত হয়। কিন্তু নিয়মানুযায়ী সামগ্রী ব্যবহার করায় নির্মাণ কাজ শেষ হওয়ার কয়েক বছরের নাথায় ভবনটির ছাদে ও বীমে ফাটল দেখা দেয়। একটু বৃষ্টি হলেই ছাদ টুইয়ে পানি পড়ে। প্রতিদিনিই ছাদ ও বীমের

ইট-সিমেন্ট খসে পড়ছে। বিকল্প ঘর না থাকায় কোমলমতি শিক্ষার্থীদের নিয়ে খোলা আকাশের নীচে পাঠদান কার্যক্রম চালানো হচ্ছে।

প্রধান শিক্ষক রুহুল আমীন জানান, বিদ্যালয় ভবন সংস্কার ও নতুন ভবন নির্মাণের জন্য বিভিন্ন দপ্তরে আবেদন করেও কর্তৃপক্ষের কোন সাড়া পাওয়া যায়নি। এমনকি পরিত্যক্ত ভবনটি কর্তৃপক্ষ পরিদর্শনও করেনি। ম্যানেজিং কমিটির সভাপতি ফজলার রহমান জানান, কর্তৃপক্ষের অবহেলার কারণে কোমলমতি শিশুরা রোদে পুড়ে ও বৃষ্টিতে ভিজে পাঠদান নিচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোসলেম উদ্দিন শাহ্ বলেন, পর্যায়ক্রমে এসব বিদ্যালয়ের ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হচ্ছে। কুড়িগ্রাম জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা স্বপন কুমার জানান, বিদ্যালয়ের ভবনে ফাটল দেখা দেয়া এবং খোলা মাঠে পাঠদানের বিষয়টি জানা নেই।